

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.৪

বিষয় : বাংলাদেশের সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

- ১। বাঙালির আত্মপরিচয়ের স্বরূপসন্ধান করতে গিয়ে প্রাবন্ধিক মুহম্মদ শহীদুল্লাহ্ যে সূত্রগুলির উল্লেখ করেছেন তোমার পড়া প্রবন্ধের নিরিখে সেই সূত্রগুলি বিশ্লেষণ করো। ১০

(অথবা)

- ২। রবীন্দ্রনাথ ঠাকুরকে ঘিরে বাংলাদেশে কীভাবে সাংস্কৃতিক জটিলতা তৈরি হয়েছিল হায়াৎ মামুদের প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০

(2)

- ৩। শুরুতে পত্রিকায় প্রকাশের সময় যে উপন্যাসের নাম ছিল 'চিলেকোঠায়', পরবর্তীকালে তা হয়ে ওঠে 'চিলেকোঠার সেপাই'। এই পরিবর্তন কি উপন্যাসটিকে সার্থকভাবে তর্জমা করতে পারে — তোমার মতামত লেখো। ১০

(অথবা)

- ৪। “নাঃ! খিজিরের বিবেচনাবোধ কম। আরে খিজিরের কি? খিজিরের ঘর নাই, বাড়ি নাই, দরজা নাই, ছিটকিনি নাই, তালা নাই, টেবিল নাই, ঘড়ি নাই, ঘণ্টা নাই, মিনিট নাই। ইচ্ছা হলো আর সোজা বেড়িয়ে পড়লো। আমি কি তাই পারি?” বক্তা যা পারে না, খিজির তা পারে। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসে খিজির চরিত্রটি সম্পর্কে আলোচনা করে তার এই বিশেষ সামর্থ্যের ওপর আলোকপাত করো। ১০

- ৫। একদিকে মঘস্তুরের বাস্তবতা অন্যদিকে স্মৃতির টান-এর মধ্য দিয়ে 'নয়নচারী' গল্পটি কীভাবে শিল্পিত হয়ে উঠেছে তা আলোচনা করো। ১০

(অথবা)

- ৬। 'মৃত্যুই প্রব জীবনের পরপারে' ছোটগল্পে বিপ্রদাস বড়ুয়া নিয়তিতাদিত এক অসহায় মেয়ের মৃত্যুর মধ্য দিয়ে কীভাবে সমকালীন বাংলাদেশের বিপন্নতার চিত্র তুলে ধরেছেন আলোচনা করো। ১০

BNG-1155

[Continued]

(3)

- ৭। আল মাহমুদের কবিতায় প্রকৃতিচেতনা কীভাবে দেশচেতনায় পর্যবসিত হয়েছে তোমার পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

(অথবা)

- ৮। রবীন্দ্রনাথ বা দারা শিকোহ-কেন্দ্রিক কবিতাভাবনা কি বাংলাদেশের কবিতার স্বরূপ উদ্ঘাটনে সহায়তা করে? যুক্তিসহ তোমার মতামত ব্যক্ত করো। ১০

(অথবা)

- ৯। বাংলাদেশের কবিতায় 'আত্মপরিচয়'-এর অনুসন্ধান 'দেশ'-র ভাবনার সঙ্গে অঙ্গঙ্গীভাবে যুক্ত হয়ে যায় কেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

★ ★ ★

BNG-1155

XX24(113)—115